# Times Today BD

ডেস্ক রিপোর্ট | অর্থনীতি | 24 June, 2025

গত বছরের ৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের পতনের পর ১০ মাস পেরিয়ে গেলেও দেশে রাজনৈতিক স্থিতিশীলতা ও আইনশৃঙ্খলা পরিস্থিতিতে কাঙ্ক্ষিত অগ্রগতি না হওয়ায় এর নেতিবাচক প্রভাব পড়েছে অর্থনীতির বিভিন্ন খাতে।সবচেয়ে বেশি বিপর্যস্ত রিকন্ডিশনড গাড়ির বাজার, যেখানে চলছে 'এক দশকের মধ্যে সবচেয়ে বড় মন্দা'।

রাজধানীর তেজগাঁও, মনিপুরপাড়া ও মিরপুর এলাকার বেশ কয়েকটি গাড়ি শোরুম ঘুরে দেখা গেছে, আগে যেখানে নিয়মিত ৩০-৪০ লাখ টাকার গাড়ি বিক্রি হতো, সেখানে এখন ৪-৫ লাখ টাকার সস্তা গাড়ি খুঁজছেন বেশিরভাগ ক্রেতা।অনেক শোরুমে বিক্রির পরিমাণ কমে ৫০ শতাংশের বেশি।

'কার কালেকশন'-এর ম্যানেজার মাকসুদুর রহমান বলেন,

"আগে যেখানে ১০টি গাড়ি বিক্রি হতো, এখন তা নেমে এসেছে চারটিতে।প্যারাডো বা রোভার জাতীয় দামি গাড়ির ক্রেতা নেই বললেই চলে।"

মনিপুরপাড়ার 'আর পি কারস সেন্টার'-এর মালিক মুক্তার হোসেন বলেন,

"২৫ বছরের ব্যবসায় এমন খারাপ সময় দেখিনি।যারা আগে নিয়মিত গাড়ি কিনতেন, তাদের অনেকেই এখন দেশের বাইরে।যারা দেশে আছেন, তারাও অনিশ্চয়তার কারণে খরচ করতে ভয় পাচ্ছেন।"

বারভিডার পরিসংখ্যান:

বাংলাদেশ রিকন্ডিশন্ড ভেহিকলস ইমপোর্টার্স অ্যান্ড ডিলার্স অ্যাসোসিয়েশন (বারভিডা) জানায়,

“রাজনৈতিক পরিবর্তনের পর বিক্রি ৪০ শতাংশ কমেছে।তবে পরিস্থিতি কিছুটা উন্নতির দিকে।”

সংগঠনের সভাপতি আবদুল হক বলেন,

“টাকার অবমূল্যায়ন, অর্থপাচার এবং রাজনৈতিক স্থবিরতা মিলিয়ে মানুষের আস্থা কমে গেছে। নির্বাচিত সরকার এলে আবার বাজারে চাঙ্গাভাব ফিরতে পারে।”

ব্যবসায়ীদের দাবি:

খাতসংশ্লিষ্টরা মনে করছেন, বাজারে আস্থা ফিরিয়ে আনতে জরুরি একটি গণতান্ত্রিক, নির্বাচিত সরকার।সেইসঙ্গে রাজনৈতিক স্থিতিশীলতা ও আইনশৃঙ্খলার উন্নয়ন না হলে এ খাত ঘুরে দাঁড়ানো কঠিন হবে।

অর্থনীতি স্থিতিশীলতা গাড়ি,রাজনৈতিক

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 14:54

URL: https://timestodaybd.com/economy/3627775807